# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 27 May, 2025

সচিবালয়ের ভেতরে আজও আন্দোলনে রয়েছেন কর্মচারীরা।তাদের প্রতিহত করতে ফটকের বিপরীত পাশে অবস্থান নিয়ে বিক্ষোভ করছেন জুলাই মঞ্চের কর্মীরা। তারা সচিবালয়ে দুর্নীতিবাজ ও ফ্যাসিবাদের আমলাদের অপসারণ চেয়ে 'ফ্যাসিবাদ উৎখাত যাত্রা' কর্মসূচি পালন করছেন।এতে বিভিন্ন পর্যায়ের নেতারা বক্তব্য রাখছেন।

মঙ্গলবার (২৭ মে) সকাল থেকে সচিবালয়ের বিপরীত পাশে ওসমানী মিলনায়তনের সামনে অবস্থান নিয়ে বিভিন্ন স্লোগান দিচ্ছেন মঞ্চের নেতাকর্মীরা।

এদিকে সরকারি চাকরি (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' অনুমোদনের প্রতিবাদে গত কয়েক দিন বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের কর্মচারীদের চলমান আন্দোলন চলছে।এরই পরিপ্রেক্ষিতে আজ সচিবালয় ঘিরে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে।

মঙ্গলবার (২৭ মে) দুপুর ১টায় সরজমিনে গিয়ে দেখা গেছে ভেতরে কর্মচারীদের একাংশের আন্দোলন চলছে। সামনের ফটকে পুলিশের পাশাপাশি বিজিবি ও সোয়াট সদস্যদের কঠোর নিরাপত্তা।বাইরে থেকে সাংবাদিকসহ কাউকে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না।

এর আগে সোমবার (২৬ মে) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের বিজ্ঞপ্তিতে জানানো হয়, সচিবালয়ে মঙ্গলবার সব ধরনের দর্শনার্থীর প্রবেশ বন্ধ থাকবে।

এতে আরও বলা হয়, অনিবার্য কারণবশত মঙ্গলবার সচিবালয়ে সব ধরনের দর্শনার্থী প্রবেশ বন্ধ থাকবে।এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ব্যক্তিদের অনুরোধ করা হলো।

সরকারি চাকরি (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ অনুমোদনের প্রতিবাদে সোমবার (২৬ মে) টানা তৃতীয় দিনের মতো সচিবালয়ের প্রধান ফটক আটকে বিক্ষোভ করেন বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের কর্মচারীরা।আজ মঙ্গলবার আবারও আন্দোলনে নেমেছেন তারা।

সচিবালয় জুলাই মঞ্চ প্রতিবাদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:06

URL: https://www.timestodaybd.com/public/national/3014617370